



বাংলাদেশ হাইকমিশন
বন্দর সেরি বেগাওয়ান
ব্রুনাই দারুসসালাম




নং- বিএইচসি/ক্র/জি.এডমিন/২০২৩

১২ অক্টোবর ২০২৩

বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ব্রুনাইস্থ প্রবাসী বাংলাদেশীদের শতভাগ ই-পাসপোর্ট প্রদানের লক্ষ্যে বাংলাদেশ হাইকমিশন, ব্রুনাই দারুসসালাম কর্তৃক প্রতি শুক্রবার সকাল ১০:০০ ঘটিকা হতে বেলা ১২:০০ ঘটিকা পর্যন্ত প্রবাসী বাংলাদেশীদের সুবিধার্থে ই-পাসপোর্ট আবেদনের সকল প্রক্রিয়ার বিষয়ে সহযোগিতা প্রদান করা হবে। উক্ত সময়ে সেবা গ্রহণে আর্থীদের নিম্নোক্ত প্রয়োজনীয় কাগজপত্রসহ +৬৭৩ ২৩৪২৪২০-এ ফোন নম্বরে এপয়েন্টমেন্টের জন্য অনুরোধ করা হল।

- ই-পাসপোর্টের আবেদনপত্র অনলাইনে পূরণ করতে হবে। <https://www.epassport.gov.bd/landing>
 - জাতীয় পরিচয়পত্র (NID) অথবা অনলাইন জন্মনিবন্ধন সনদ (BRC English Version) অনুযায়ী আবেদন পত্র পূরণ করতে হবে।
 - অপ্রাপ্ত বয়স্ক (১৮ বছরের কম) আবেদনকারী যার জাতীয় পরিচয়পত্র (NID) নাই, তার পিতা অথবা মাতার জাতীয় পরিচয়পত্র (NID) নম্বর অবশ্যই উল্লেখ করতে হবে।
 - জাতীয় পরিচয়পত্র (NID) অথবা অনলাইন জন্মনিবন্ধন সনদ (BRC English Version) নিম্নোক্ত বয়স অনুসারে দাখিল করতে হবে-
 - (ক) ১৮ বছরের নিম্নে হলে অনলাইন জন্মনিবন্ধন সনদ (BRC English Version).
 - (খ) ১৮-২০ বছর হলে জাতীয় পরিচয়পত্র (NID) অথবা অনলাইন জন্মনিবন্ধন সনদ (BRC English Version)
 - (গ) ২০ বছরের উর্ধে হলে জাতীয় পরিচয়পত্র (NID) আবশ্যিক। তবে বিদেশস্থ বাংলাদেশ মিশন হতে আবেদনের ক্ষেত্রে অনলাইন জন্মনিবন্ধন সনদ (BRC English Version) গ্রহণযোগ্য হবে।
 - তারকা চিহ্নিত ক্রমিক নম্বরগুলো অবশ্যই পূরণীয়।
 - আবেদন বর্তমান ঠিকানা সংশ্লিষ্ট বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস/আঞ্চলিক পাসপোর্ট অফিস/বিদেশস্থ বাংলাদেশ মিশনে দাখিল করতে হবে।
 - প্রযোজ্য ক্ষেত্রে বিবাহ সনদ/নিকাহনামা এবং বিবাহ বিচ্ছেদের ক্ষেত্রে তালাকনামা দাখিল করতে হবে।
 - বৈদেশিক মিশন হতে নতুন পাসপোর্টের জন্য আবেদন করা হলে স্থায়ী ঠিকানার কলামে বাংলাদেশের যোগাযোগের ঠিকানা উল্লেখ করতে হবে।
 - আবেদনের সময় মূল জাতীয় পরিচয়পত্র (NID), অনলাইন জন্মনিবন্ধন সনদ (BRC English Version) এবং প্রযোজ্য ক্ষেত্রে টেকনিক্যাল সনদ, সরকারি আদেশ (GO)/অনাপত্তি (NOC) প্রদর্শন/দাখিল করতে হবে।
 - পাসপোর্ট রি-ইস্যুর ক্ষেত্রে মূল পাসপোর্ট প্রদর্শন করতে হবে।
 - হারানো পাসপোর্টের ক্ষেত্রে মূল জিডির কপি প্রদর্শন/দাখিল করতে হবে।
 - ০৬ বছর বয়সের নিম্নের আবেদনের ক্ষেত্রে 4 আর (4R Size) সাইজের (ল্যাব প্রিন্ট লাইট গ্রে ব্যাকগ্রাউন্ড) ছবি দাখিল করতে হবে।
 - পাসপোর্ট হারিয়ে গেলে অথবা চুরি হলে দুত নিকটস্থ থানায় জিডি করতে হবে। পুনরায় পাসপোর্টের জন্য আবেদনের সময় পুরাতন পাসপোর্টের ফটোকপি এবং জিডি কপিসহ আবেদনপত্র দাখিল করতে হবে।
- ২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ নোটিশ জারি করা হলো।


(তনুয় মজুমদার)
দূতালয় প্রধান

বিতরণ:

১. মান্যবর হাইকমিশনার এর ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ হাইকমিশন, ব্রুনাই দারুসসালাম।
২. সকল কর্মকর্তা/কর্মচারী, বাংলাদেশ হাইকমিশন, ব্রুনাই দারুসসালাম।
৩. ব্রুনাই দারুসসালাম এ বসবাসরত সকল প্রবাসী বাংলাদেশী।
৪. নোটিশ বোর্ড।

